৩ বছর কারাভোগ শেষে ভারতীয় নাগরিককে ফেরত

বাংলাদেশে এক মেয়ের প্রেমের টানে অবৈধ অনুপ্রবেশের দায়ে কুষ্টিয়া কারাগারে কারাভোগ শেষে দর্শনা চেকপোস্ট সীমান্তে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকে শেষে ভারতে ফিরলেন আফফান শেখ (২৮) সে ভারতের মুর্শিবাদ জেলার জলংগী থানার সরকার পাড়ার ইসমাইল শেখের ছোট ছেলে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক জয়নগর সীমান্তের ৭৬ নং মেইন পিলালের কাছে চেকপোষ্ট দিয়ে তাকে ভারতে ফেরত পাঠানো হয়েছে। পুলিশ ও বিজিবি সুত্রে জানাগেছে ২০১৯ সালের কুষ্টিয়া দৌলৎপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে কুষ্টিয়ার এক মেয়ের প্রেমের টানে অনুপ্রবেশ করে আফফান শেখ। বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে বর্ডার গার্ড বিজিবি সদস্যারা তাকে আটক করে। বিজিবি সদস্যারা তাকে মামলা দিয়ে কুষ্টিয়া দৌলতপুর থানায় হস্তান্তর করে। পরে আফাফান শেখকে ৩ মাসের কারাদণ্ড দেয় আদালত।আফফান শেখের কাগজপত্র জটিলতার কারনে তাকে ৩ বছর কারাগারে থাকতে হয়। কারাগারে সাজা ভোগ শেষে দুদেশে হাইকমিশনে কাগজ আদান প্রদানে আইনি প্রক্রিয়া সম্পন্ন হয়।

গতকাল বৃহস্পতিবার দপুরে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশে বিএসএফের কাছে হস্তান্তর করে বিজিবি। ৩ বছর পর বাবাকে দেখতে পেয়ে আবেগে আপ্লুত হয়ে কান্নায় ভেঙ্গে পড়েন আফফান শেখ।

এ সময় পতাকা বৈঠকে উপস্থিত ছিলেন বাংলাদেশের পক্ষে দর্শনা আন্তজার্তিক জয়নগর ইমিগ্রেশন চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাঈম, দর্শনা থানার এস আই স্বপন কুমার সরকার, দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল।

ভারতের পক্ষে উপস্থিত ছিলেন গেদে সহকারি ক্যাম্প কমান্ডার বিএসএফ, ইনচার্জ শ্রী মহেশ, ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে, গেদে কাষ্টমস কর্মকর্তা সুব্রত মন্ডল, কৃষ্ণনগর থানার এস আই সুমন কুমার ঘোষ, কৃষ্ণগন্জ থানার এস আই রতন কুমার, মানবাধিকারকর্মী চিত্তরঞ্জ পাল।